আজকের কাগজ

তারিখ 08 AUG 1995
পৃষ্ঠা 2 কলাম 5

### ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ

# সম্মিলিত পাসের হার ৭৪ দশমিক ৪০

কাগজ প্রতিবেদক ঃ ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। পরীক্ষায় সম্মিলিত পাসের হার ৭৪ দশমিক ৪০। বিজ্ঞান বিভাগে পাসের হার ৮৭ দশমিক ২৫। সমাজ বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৭ দশমিক ৯১। মোট ২ লাখ ৩৫ হাজার ৮শ' ২৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করেছে। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৭৫ হাজার ৪শ' ৫৩ জন। পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রের সংখ্যা ১ লাখ ৩৬ হাজার ৯শ' ৭৮ জন। ছাত্রীর সংখ্যা ৯৮ হাজার ৮শ' ৫১ জন। সম্মিলিত তালিকায় প্রথম বিভাগ পেয়েছে ৯৪ হাজার ৪শ' ৮৯ জন। দ্বিতীয় বিভাগ পেয়েছে ৭৮ হাজার ১শ' ৩৫ জন। তৃতীয় বিভাগ পেয়েছে ২ হাজার ৮শ' ২৯ জন। সম্মিলিত তালিকায় পাসের হার ছাত্রদের ক্ষেত্রে ৭৫ দশমিক ৯৫ এবং ছাত্রীদের ক্ষেত্রে ৭২ দশমিক ২৫। অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে নিয়মিত হিসেবে ২ লাখ ১৫ হাজার ৭৭ জন এবং অনিয়মিত হিসেবে ২০ হাজার ৭শ' ৫২ জন অংশগ্রহণ করেছে। এর মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ৫৩ দশমিক ৫৮ শতাংশ। দ্বিতীয় বিভাগ পেয়েছে ৪৪ দশমিক ৫৩ শতাংশ। তৃতীয় বিভাগ পেয়েছে ১ দশমিক ৬১ শতাংশ।

বিজ্ঞান বিভাগে পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৭৯ হাজার ১শ' ১৭ জন। এর মধ্যে পাস করেছে ৬৯ হাজার ৩৩ জন। বিজ্ঞান বিভাগে পাসের হার ৮৭ দশমিক ২৫। তবে এক্ষেত্রে ছাত্রিরা এগিয়ে আছে। ছাত্রদের পাসের হার ৮৭ দশমিক ০২। ছাত্রীদের ক্ষেত্রে পাসের হার ৮৭ দশমিক ৭৯। ছাত্রীদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ৮০ দশমিক ৬৮ শতাংশ। ছাত্রদের ক্ষেত্রে প্রথম বিভাগ পেয়েছে ৭৮ দশমিক ৬৭ শতাংশ। সমাজ বিজ্ঞান বিভাগে মোট অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৫৬ হাজার ৭শ' ১২ জন। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৬ হাজার ৪শ' ২০ জন। পাসের হার ৬৭ দশমিক ৯১। ছাত্রদের ক্ষেত্রে পাসের হার ৬৮ দশমিক ৪৫। ছাত্রীদের ক্ষেত্রে পাসের হার ৬৭ দশমিক ৩২। সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম বিভাগ পেয়েছে ৩৯ দশমিক ৬১ শতাংশ। দ্বিতীয় বিভাগ পেয়েছে ৫৮ দশমিক ৩০। তৃতীয় বিভাগ পেয়েছে ২ দশমিক ৫২ শতাংশ। বিজ্ঞান বিভাগে প্রথম বিভাগ পেয়েছে ৭৬ দশমিক ৪৯ শতাংশ। দ্বিতীয় বিভাগ পেয়েছে ২৩ দশমিক ৩০ শতাংশ। তৃতীয় বিভাগ পেয়েছে ০ দশমিক ১৯ শতাংশ।

### এক নজরে ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল

| অংশগ্রহণকারী পরীক্ষার্থী | উত্তীর্ণ (মোট) | ছাত্র | ছাত্রী | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | তৃতীয় বিভাগ | পাসের হার ছাত্র | পাসের হার ছাত্রী | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩৫৮২৯ (সম্মিলিত) | ১৭৫৪৫৩ | ১০৪০২৯ | ৭১৪২৪ | ৯৪৪৮৯ | ৭৮১৩৫ | ২৮২৯ | ৭৫.৯৫ | ৭২.২৫ | ৭৪.৪০ |
| বিজ্ঞান বিভাগ ৭৯১১৭ | ৬৯০৩৩ | ৪৮১১১ | ২০৯২২ | ৫২৮০৭ | ১৬০৮৮ | ১৩৮ | ৮৭.০২ | ৮৭.৭৯ | ৮৭.২৫ |
| সমাজ বিজ্ঞান ১৫৬৭১২ | ১০৬৪২০ | ৫৫৯১৮ | ৫০৫০২ | ৪১৬৮২ | ৬২০৪৭ | ২৬৯১ | ৬৮.৪৫ | ৬৭.৩২ | ৬৭.৯১ |